দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ কৃষি গবেষণা ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 11 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 3

01

# তিন বছর মেয়াদী কৃষি ডিপ্লোমা কোর্স অনুমোদন

॥ নাজীমউদ্দিন মোস্তান ॥

দেশের ১১টি কৃষি ইনষ্টিটিউটে চলতি বৎসর হইতে তিন বৎসর মেয়াদী কৃষি ডিপ্লোমা কোর্সে ভর্তি শুরু করার অনুমতি প্রদান করা হইয়াছে। বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড ১১টি ইনষ্টিটিউটকে তিন বৎসর মেয়াদী কোর্স পরিচালনার জন্য এফিলিয়েশন প্রদান করিয়াছে।

এযাবৎকাল কৃষি মন্ত্রণালয়ের আওতায় পরিচালিত ইনষ্টিটিউটে ২ বৎসর মেয়াদী কৃষি ডিপ্লোমা কোর্স প্রদান করা হইত। দেশের

(৬ষ্ঠ পৃ: দ্র:)

## কৃষি ডিপ্লোমা কোর্স

( ১ম পৃ: পর )

২৬টি বিভাগ ও মন্ত্রণালয়ে কর্মরত ২২ হাজার কৃষি ডিপ্লোমাবিদ তিন বৎসর মেয়াদী কোর্সের ব্যাপারে আন্দোলন করিয়া আসিতেছিলেন। এক্ষণে তাহারা চাকুরী হইতে ছুটিতে আসিয়া তৃতীয় বর্ষে অধ্যয়ন করিববার সুযোগ পাইবেন।

চলতি বৎসর ঢাকা, খাদিমনগর, বেগমগঞ্জ, হাটহাজারী, শেরপুর, ফরিদপুর, দৌলতপুর, ঈশ্বরদী, পাবনা, গাইবান্ধা, বরিশালের রহমতপুর ও তাজহাটে অবস্থিত ইনষ্টিটিউটে মোট ২৩০০ ছাত্রছাত্রী ভর্তি করা হইবে। বিশ্বব্যাঙ্কের সহিত বাংলাদেশ সরকারের চুক্তির শর্ত অনুযায়ী, ২ বৎসরের কোর্স শেষে কৃষিবিদেরা মাঠে কাজে যাইবেন, ৫ বৎসর কাজ করার পর তৃতীয় বর্ষে অধ্যয়ন করিতে আসিবেন। অবশ্য ১৯৯০ সনে এই চুক্তির মেয়াদ অতিবাহিত হইতেছে।

১৯৮৪ সনের ২রা ডিসেম্বর এই কোর্স তিন বৎসর মেয়াদী করার সরকারী আশ্বাস দেওয়া হয়। গত বৎসর ১০ই মার্চ প্রেসিডেন্ট এ কোর্সকে তিন বৎসর মেয়াদী করার অনুমতি প্রদান করেন। এ কোর্সের ফলে ডিপ্লোমা কৃষিবিদদের মাহিনাপত্র কিছুটা বৃদ্ধি পাইবে। গত ২১শে ডিসেম্বর কারিগরি শিক্ষাবোর্ডের চেয়ারম্যান আবদুর রফিকের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ মহাসচিব হোসেন আহমদ সরকারের এ পদক্ষেপকে স্বাগত জানাইয়াছেন।